

অক্টোবর -২০১৯ খ্রিঃ মাসে অনুষ্ঠিত কুষ্টিয়া জেলাধীন মিরপুর উপজেলা আইসিটি কমিটির মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : লিংকন বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার, মিরপুর, কুষ্টিয়া।
 সভার তারিখ : ২০-১০-২০১৯ খ্রিঃ।
 সভার সময় : বিকাল-৩.০০ ঘটিকা।
 সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, মিরপুর, কুষ্টিয়া।
 সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট- “ক” (স্বাক্ষরের ক্রমানুসারে)।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অধ্যকার সভায় বিভিন্ন দপ্তর প্রধান, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা ও অন্যান্য সদস্য উপস্থিত থাকায় তাদেরকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ১৪ জুলাই, ২০১৯ খ্রিঃ তারিখের স্মারক নং- ৫৬.০০.০০০০.০১৯.৩৮.০২৮.১৬-১১০ মূলে জারীকৃত প্রজ্ঞাপন সকলের অবগতির জন্য সভায় পাঠ করেন। অতঃপর তিনি উপস্থিত সদস্যগণকে আলোচ্যসূচী মোতাবেক আলোচনা উপস্থাপনের জন্য উন্মুক্ত প্রস্তাব আহবান করেন।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১। উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্তঃ উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিতভাবে করার জন্য আলোচনা করা হয়। যেহেতু উপজেলা পর্যায়ে সকল সরকারী অফিস সমূহে জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ ও ই-নথি কার্যক্রম বাস্তবায়ন করতে হবে অতএব উপজেলার সকল অফিস প্রধানগণ সভায় উপস্থিত থাকার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	১। প্রতি মাসে নিয়মিতভাবে উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, মিরপুর কে অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	আইসিটি বিষয়ক কমিটির সকল সদস্য ও উপজেলার সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।
০২। উপজেলা ও ইউনিয়ন ওয়েবপোর্টাল সংক্রান্তঃ উপজেলা পর্যায়ে আইসিটির বিকাশ ও উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সার্বক্ষণিক তথ্যের আদান প্রদান সহজতর করা, জনগণের দোরগোড়ায় জনসেবা পৌছানো নিশ্চিতকরণে ওয়েবপোর্টাল নির্মাণে সরকারের উদ্যোগকে স্বাগত জানিয়ে বিস্তারিত আলোচনা হয়। সরকারের ভিশন বাস্তবায়নে উপজেলা, সকল সরকারী দপ্তর ও ইউনিয়ন ওয়েবপোর্টালের সকল লিংক যথাযথভাবে হালনাগাদ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।	২। উপজেলার সকল সরকারী অফিস ও ইউনিয়ন ওয়েবপোর্টালের তথ্য হালনাগাদ করার জন্য প্রত্যেক অফিস প্রধান ও ইউডিসি উদ্যোক্তাদের অনুরোধ করা হয়। ৩। সোশ্যাল সেফটিনেট এর আওতায় যে সকল কার্যক্রম করা হয় তা ওয়েবপোর্টালে প্রকাশের জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। ৪। প্রয়োজনীয় সকল ক্ষেত্রে ওয়েবপোর্টাল বিষয়ক প্রশিক্ষণ প্রদানের বিষয়ে উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরকে অনুরোধ করা হয়।	সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান, সকল ইউডিসি উদ্যোক্তা, সকল ইউপি চেয়ারম্যান। প্রশিক্ষণ বাস্তবায়নে উপজেলা তথ্য প্রযুক্তি অধিদপ্তর
০৩। সরকারী অফিসে ই-নথি বাস্তবায়ন সংক্রান্তঃ উপজেলা পর্যায়ে আইসিটির বিকাশ ও উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে উপজেলার সকল সরকারী দপ্তর সমূহে ই-নথির বাস্তবায়ন সম্পর্কে যথাযথ তালিকাভুক্ত সবিস্তারে আলোচনা ও বাস্তবায়নের রূপরেখা নিরূপণ করা হয়।	৫। উপজেলার সকল সরকারী অফিসে ই-নথি বাস্তবায়নের জন্য প্রত্যেক অফিস প্রধান ও সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। ৬। প্রয়োজনীয় সকল ক্ষেত্রে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের বিষয়ে উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরকে অনুরোধ করা হয়।	উপজেলার সকল অফিস প্রধান ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ। প্রশিক্ষণ বাস্তবায়নে উপজেলা তথ্য প্রযুক্তি অধিদপ্তর

চলমান পাতা

০৫। শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ মিরপুর উপজেলায় ৪(চার) টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। ল্যাবগুলো বর্তমানে সচল রয়েছে এবং নিয়মিতভাবে শিক্ষার্থীদেরকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে মর্মে প্রতিষ্ঠান প্রধানগণ সভাকে অবহিত করেন।	৭। শেখ রাসেল ডিজিটাল ল্যাব এ বিদ্যমান যন্ত্রপাতির বর্তমান অবস্থা সংক্রান্ত প্রতিবেদন ও প্রশিক্ষণের ব্যাপারে আরো যত্নশীল হওয়ার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হয়।	সহকারী প্রোগ্রামার ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ।
০৬। উচ্চ প্রযুক্তি বিষয়ক খারনা প্রদান সংক্রান্তঃ শিক্ষার্থীদের তথ্য ও প্রযুক্তি বিষয়ে অগ্রগতির জন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত তথ্য ও প্রযুক্তি আলোচনা ও বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা যেতে পারে মর্মে আলোচনা করা হয়।	৮। প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত তথ্য ও প্রযুক্তি আলোচনা ও বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হয়।	সহকারী প্রোগ্রামার ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(লিংকন বিশ্বাস)
উপজেলা নির্বাহী অফিসার

সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
মিরপুর, কুষ্টিয়া।
ফোনঃ 07026-56204
ইমেইলঃ unomirpur@mopa.gov.bd

স্মারকনং: ৫৬.০৪.৫০৯৪.০০১.১৬.০০১.১৯.০৪-

তারিখঃ ০৫ কার্তিক, ১৪২৬
২০ অক্টোবর, ২০১৯

অনুলিপিঃ সদর অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), কুষ্টিয়া।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া।
- ৪। উপজেলা ----- অফিসার, মিরপুর, কুষ্টিয়া।
- ৫। চেয়ারম্যান ----- ইউনিয়ন পরিষদ, মিরপুর, কুষ্টিয়া।
- ৬। জনাব ----- মিরপুর, কুষ্টিয়া।

(মোঃ হারিকুল ইসলাম)
সহকারী প্রোগ্রামার

ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
মিরপুর, কুষ্টিয়া।

ফোনঃ 0702656145
ইমেইলঃ apmirpurkst@gmail.com